গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৯৭/২০১৮-২০১৯
ঢাকা, মঙ্গলবার ১৬ এপ্রিল ২০১৯, ৩ বৈশাখ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। সেনানিবাসে পহেলা বৈশাখের অনুষ্ঠানে রাষ্ট্রপতির অংশগ্রহণ
২। বিশ্বে বাঙালি মাথা উঁচু করে চলবে : দেশবাসীকে নববর্ষের শুভেচ্ছা জানিয়ে প্রধানমন্ত্রী
৩। মুক্তিযোদ্ধাদের নববর্ষের শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী
৪। নুসরাতের হত্যাকারী কেউই আইনের হাত থেকে রেহাই পাবে না : প্রধানমন্ত্রী
৫। বিশ্বের ৫ সেরা নীতিনিষ্ঠ নেতার একজন প্রধানমন্ত্রী শেখ হাসিনা :
নাইজেরিয়ার দৈনিক 'দি ডেইলি লিডারশিপ'র প্রতিবেদন
৬। প্রধানমন্ত্রীর সঙ্গে অলিম্পিক সভাপতি ও মহাসচিবের সাক্ষাৎ
৭। ৪ দিনের সরকারি সফর শেষে ভুটানের প্রধানমন্ত্রীর ঢাকা ত্যাগ
৮। দক্ষ জনগোষ্ঠীর মাধ্যমে টেকসই উন্নয়ন সম্ভব : রংপুরে স্পিকার
৯। নববর্ষ পালন করতে হবে আমাদের সংস্কৃতির ঐতিহ্যে : কৃষিমন্ত্রী
১০। বাংলাদেশের উন্নয়ন বিশ্ব গণমাধ্যমে তুলে ধরুন : বিদেশি সাংবাদিকদের তথ্যমন্ত্রী
১১। আইএমএফ-বিশ্বব্যাংকের কাছে আরো সহায়তা চাইলেন অর্থমন্ত্রী
রোহিঙ্গাদের সহায়তা অব্যাহত রাখার আশ্বাস বিশ্বব্যাংকের
১২। স্থানীয় সরকারের স্বচ্ছতা নিশ্চিত করতে হবে : এলজিআরডিমন্ত্রী
১৩। শিল্পনগরীসমূহের জন্য ওয়ানস্টপ সার্ভিস চালু করা হবে : শিল্পমন্ত্রী
১৪। বাণিজ্যমন্ত্রীর সঙ্গে কানাডার রাষ্ট্রদূতের বৈঠক
বিনিয়োগ বাড়াতে ব্যবসায়ীদের এগিয়ে আসার আহ্বান
১৫। জাতীয় স্বাস্থ্যসেবা সপ্তাহ শুরু আজ

চলমান পাতা-২

১। **সেনানিবাসে পহেলা বৈশাখের অনুষ্ঠানে রাষ্ট্রপতির অংশগ্রহণ**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বাংলা নববর্ষ ১৪২৬ উপলক্ষে গতকাল (১৫ এপ্রিল সোমবার) ঢাকা সেনানিবাসের কুর্মিটোলা গলফক্লাবে আয়োজিত পহেলা বৈশাখ উদ্‌যাপন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। রাষ্ট্রপ্রধান সশস্ত্রবাহিনীর সিনিয়র অফিসার ও তাদের পরিবারের সদস্যদের সঙ্গে পহেলা বৈশাখের শুভেচ্ছা বিনিময় করেন। সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে রাষ্ট্রপতি সশস্ত্রবাহিনীর পারফর্মার ও তাদের পরিবারের সদস্যদের সঙ্গে ফটোসেশনে অংশ নেন। পরে রাষ্ট্রপতি ও অন্যান্য আমন্ত্রিত অতিথিরা নৈশভোজে যোগ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **সমকাল** (পৃ.৩,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

২। **বিশ্বে বাঙালি মাথা উঁচু করে চলবে : দেশবাসীকে নববর্ষের শুভেচ্ছা জানিয়ে প্রধানমন্ত্রী**

দেশবাসীকে ১৪২৬ বঙ্গাব্দের শুভেচ্ছা জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, উন্নয়নের যে অগ্রযাত্রা শুরু হয়েছে, তা অব্যাহত থাকবে। বিশ্বদরবারে বাঙালি জাতি সম্মানের সঙ্গে মাথা উঁচু করে চলবে। বাংলাদেশ উন্নত-সমৃদ্ধ দেশ হিসেবে গড়ে উঠবে। গত ১৪ এপ্রিল রোববার গণভবনে আওয়ামী লীগ এবং বিভিন্ন সহযোগী সংগঠনের নেতাকর্মীদের সঙ্গে নববর্ষের শুভেচ্ছা বিনিময়কালে এ কথা বলেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, বাংলাদেশ হবে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সোনার দেশ, যে বাংলাদেশের স্বপ্ন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিব দেখেছিলেন। আর সেই বাংলাদেশ গড়ার জন্য আমি সমগ্র জাতিকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানাচ্ছি। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

৩। **মুক্তিযোদ্ধাদের নববর্ষের শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ১৪ এপ্রিল রোববার বাংলা নববর্ষ উপলক্ষে দেশের সকল মুক্তিযোদ্ধাকে শুভেচ্ছা জানিয়েছেন। অন্যান্য উৎসবের মতো বাংলা নববর্ষ পহেলা বৈশাখ উপলক্ষে শুভেচ্ছার নিদর্শনস্বরূপ প্রধানমন্ত্রী রাজধানী মোহাম্মদপুরের গজনবী রোডে অবস্থিত শহীদ ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পুনর্বাসন কেন্দ্র (মুক্তিযোদ্ধা টাওয়ার-১) এ যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের সদস্যদের জন্য শুভেচ্ছা উপহার হিসেবে ফুল, ফল ও মিষ্টি পাঠিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)।

৪। **নুসরাতের হত্যাকারী কেউই আইনের হাত থেকে রেহাই পাবে না : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ফেনীর সোনাগাজীর মাদ্রাসাছাত্রী নুসরাত জাহান রাফি অন্যায়ের বিরুদ্ধে সাহসিকতার সঙ্গে প্রতিবাদ করে এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। নুসরাতের হত্যাকারী কেউই আইনের হাত থেকে রেহাই পাবে না। গতকাল (১৫ এপ্রিল সোমবার) নুসরাতের বাবা মা প্রধানমন্ত্রীর কার্যালয়ে সাক্ষাৎ করতে গেলে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী নুসরাতের মর্মান্তিক মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন এবং তাঁর পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাদের সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন। এ সময় নুসরাতের বড় ভাইয়ের হাতে এনআরবি গ্লোবাল ব্যাংকের নিয়োগপত্র তুলে দেন প্রধানমন্ত্রী। সূত্র : **সমকাল** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.৫)।

৫। **বিশ্বের ৫ সেরা নীতিনিষ্ঠ নেতার একজন প্রধানমন্ত্রী শেখ হাসিনা :**
**নাইজেরিয়ার দৈনিক 'দি ডেইলি লিডারশিপ'র প্রতিবেদন**

নাইজেরিয়ার সবচেয়ে প্রভাবশালী দৈনিক 'দি ডেইলি লিডারশিপ' বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিশ্বের পাঁচ সেরা নীতিনিষ্ঠ নেতার অন্যতম বলে অভিহিত করেছে। গত (১৪ এপ্রিল রোববার) দৈনিকটির আনরিপোর্টেড বিভাগে প্রকাশিত 'ওয়ার্ল্ডস মোস্ট ওস্টিয়ার প্রেসিডেন্ট' শীষক এক প্রতিবেদনে শেখ হাসিনাকে বিশ্বের পাঁচ সেরা নীতিনিষ্ঠ নেতার অন্যতম বলা হয়। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার মাসিক বেতন ৮শ ডলার উল্লেখ করে প্রতিবেদনে আরো বলা হয়, ফোর্বস-এর তালিকা অনুযায়ী বিশ্বের ১শ ক্ষমতাধর নারীর মধ্যে শেখ হাসিনা ৫৯তম। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **সমকাল** (পৃ.৫,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

৬। **প্রধানমন্ত্রীর সঙ্গে অলিম্পিক সভাপতি ও মহাসচিবের সাক্ষাৎ**

বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশনের সভাপতি সেনাপ্রধান জেনারেল আজিজ আহমেদ ও মহাসচিব সৈয়দ শাহেদ রেজা গতকাল (১৫ এপ্রিল সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব সাংবাদিকদের জানান, আন্তর্জাতিক প্রশিক্ষণ, বিদেশে দল পাঠানোসহ ক্রীড়াঙ্গনের সার্বিক বিষয় নিয়ে বৈঠকে আলোচনা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.১০,ক.৬)।

৭। **৪ দিনের সরকারি সফর শেষে ভুটানের প্রধানমন্ত্রীর ঢাকা ত্যাগ**

ভুটানের প্রধানমন্ত্রী ডা. লোটে শেরিং ৪ দিনের সরকারি সফর শেষে গতকাল (১৫ এপ্রিল সোমবার) ঢাকা ত্যাগ করেছেন। গতকাল সকাল ৯টা ২৫ মিনিটে ড্রুক এয়ার ফ্লাইটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ছেড়ে যান। পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী এম এনামুর রহমান ও অন্যান্য গণ্যমান্য ব্যক্তিরা তাঁকে বিমানবন্দরে বিদায় জানান। ভুটানের প্রধানমন্ত্রী হিসেবে গত বছর দায়িত্ব গ্রহণ করার পর ময়মনসিংহ মেডিকেল কলেজের প্রাক্তন ছাত্র ডা. লোটে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমন্ত্রণে বাংলাদেশে প্রথম সফর করেন। এ সফরকালে বাংলাদেশ ও ভুটানের মধ্যে দুই প্রধানমন্ত্রীর নেতৃত্বে আনুষ্ঠানিক আলোচনা গত ১৩ এপ্রিল শনিবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে আন্তরিক ও উষ্ণতার পরিবেশে অনুষ্ঠিত হয়। এতে দ্বিপক্ষীয় সম্পর্ক ও দীর্ঘদিনের বন্ধুত্বের প্রতিবেশীসূলভ সম্পর্কের প্রতিফলন ঘটেছে। পারস্পরিক স্বার্থে দু'টি দেশের বাজারে বিভিন্ন পণ্যের শুল্ক এবং কোটামুক্ত প্রবেশাধিকারের অনুমতি দেওয়ার জন্য বাংলাদেশ ও ভুটান নীতিগতভাবে সম্মত হয়েছে। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.১), **যুগান্তর** (শেষ পৃ,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৫)।

৮। **দক্ষ জনগোষ্ঠীর মাধ্যমে টেকসই উন্নয়ন সম্ভব : রংপুরে স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, জনবহুল বাংলাদেশের বৃহৎ একটি অংশ তরুণ প্রজন্ম। কর্মক্ষম তরুণরাই দেশের মূল শক্তি। তাদের দক্ষতার ওপর ভিত্তি করেই বাংলাদেশ এগিয়ে যাবে। এভাবেই দক্ষ জনগোষ্ঠীর মাধ্যমে টেকসই উন্নয়ন সম্ভব। গতকাল (১৫ এপ্রিল সোমবার) রংপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের (টিটিসি) সভাকক্ষে প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। স্পিকার আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার মানবসম্পদ উন্নয়নে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। তরুণরা প্রশিক্ষণের সুযোগ পেলে নিজেদের কর্মসংস্থান নিজেরাই তৈরি করতে পারবে। সূত্র : **সমকাল** (পৃ.৪,ক.১), **ভোরের কাগজ** (পৃ.২,ক.৫), **নিউ এজ** (পৃ.১১,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৯। **নববর্ষ পালন করতে হবে আমাদের সংস্কৃতির ঐতিহ্যে : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক বলেছেন, মুক্তিযুদ্ধের চেতনা এবং আমাদের সংস্কৃতির ঐতিহ্যর ধারাবাহিকতায় বাংলা নববর্ষ পালন করতে হবে। গতকাল (১৫ এপ্রিল সোমবার) সচিবালয়ে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে মন্ত্রণালয়ের ব্যক্তিবর্গ ও সংশ্লিষ্ট দফতর প্রধানদের সঙ্গে বাংলা নববর্ষের শুভেচ্ছা বিনিময়ে করে তিনি এসব কথা বলেন। মন্ত্রী আরো বলেন, গ্রামে আগে নববর্ষ পালন করা হতো। তখন হালখাতার মাধ্যমে নববর্ষের সূচনা হতো এবং সবাই উৎসবে মেতে উঠতো। আস্তে আস্তে এ উৎসবের আনুষ্ঠানিকতা গ্রাম থেকে শহরে ছড়িয়ে পড়ে। এখন গ্রাম বাংলার সবাই পারিবারিকভাবে নববর্ষ পালন করছে। সূত্র : **সংবাদ** (পৃ.৪,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.৪,ক.১)।

১০। **বাংলাদেশের উন্নয়ন বিশ্ব গণমাধ্যমে তুলে ধরুন : বিদেশি সাংবাদিকদের তথ্যমন্ত্রী**

সফররত পাঁচ মহাদেশের সাংবাদিকদের উদ্দেশে তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে গত ১০ বছরে বাংলাদেশ যে বিস্ময়কর উন্নয়ন অর্জন করেছে, তা বিশ্ব গণমাধ্যমে তুলে ধরুন। গতকাল (১৫ এপ্রিল সোমবার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে সরকারের আমন্ত্রণে এশিয়া, ইউরোপ, আফ্রিকা, অস্ট্রেলিয়া ও উত্তর আমেরিকা থেকে আসা ২৫টি দেশের ৪৭ জন গণমাধ্যম প্রতিনিধির সঙ্গে মতবিনিময়কালে তিনি এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনার যুগান্তকারী নেতৃত্বে বাংলাদেশ এখন স্বল্পোন্নত দেশের কাতার থেকে মধ্যম আয়ের দেশে উন্নীত হয়েছে। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.২), **যুগান্তর** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫)।

**১১। আইএমএফ-বিশ্বব্যাংকের কাছে আরো সহায়তা চাইলেন অর্থমন্ত্রী**
**রোহিঙ্গাদের সহায়তা অব্যাহত রাখার আশ্বাস বিশ্বব্যাংকের**

বাংলাদেশের জন্য বিশ্বব্যাংকসহ উন্নয়ন সহযোগীদের কাছে আরো সহায়তা চাইলেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তিনি বলেন, আমরা এখন অর্থনৈতিক উত্তরণ পর্যায়ে রয়েছি। উন্নয়নের ধারাবাহিকতা ধরে রাখার জন্য আরো বেশি বিনিয়োগ প্রয়োজন। বড় প্রকল্প বাস্তবায়নে বড় বিনিয়োগ প্রয়োজন। ওয়াশিংটনে চলমান বিশ্বব্যাংক ও আইএমএফের বসন্তকালীন সভা উপলক্ষে ডিএফআইডির মহাপরিচালক লিন্ডে ক্যামেরন, বিশ্বব্যাংকের সিইও ক্রিস্টালিনা জর্জিভার সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এ কথা বলেন অর্থমন্ত্রী। তিনি আরো বলেন, আমাদের সবচেয়ে বেশি বিনিয়োগ প্রয়োজন শিক্ষাখাতে। কারণ পরিবর্তিত বিশ্ব প্রেক্ষাপটে আমাদেরকে রোবটিক্স, কোয়ান্টাম সাইন্স, ন্যানো টেকনোলজির মতো বিষয়গুলো শিখতে হবে। এজন্য শিক্ষাখাতে বড় বিনিয়োগ করতে হবে। আগামী ৫ বছর এবং বিশ বছরে বাংলাদেশের কত অর্থের প্রয়োজন সে বিষয়ে উন্নয়ন সহযোগীদের জানানো হয়েছে। তারা সহায়তার ধারাবাহিকতা রাখবে বলে আশ্বস্ত করেছেন। অপর এক প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী বলেন, মিয়ানমার থেকে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের জন্য বিশ্বব্যাংক সহায়তা অব্যাহত রাখবে বলে জানিয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৭)।

**১২। স্থানীয় সরকারের স্বচ্ছতা নিশ্চিত করতে হবে : এলজিআরডিমন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নিজস্ব আয় বৃদ্ধি, গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণে প্রয়োজনীয় অর্থায়ন, আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন, সব পর্যায়ে তথ্যপ্রযুক্তির ব্যবহারের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। গতকাল (১৫ এপ্রিল সোমবার) সচিবালয়ে স্থানীয় সরকার বিভাগের সম্মেলনকক্ষে স্থানীয় সরকার বিভাগের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পদান চুক্তির সূচকসমূহের লক্ষ্যমাত্রা শতভাগ নিশ্চিতকরণ সংক্রান্ত সভায় সভাপতিত্বকালে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১১,ক.৮)।

**১৩। শিল্পনগরীসমূহের জন্য ওয়ানস্টপ সার্ভিস চালু করা হবে : শিল্পমন্ত্রী**

শিল্পনগরীসমূহের প্রয়োজনীয় সেবা দ্রুত প্রদান করতে ওয়ান স্টপ সার্ভিস স্থাপন করা হবে। দেশের সম্ভাবনাময় শিল্পখাতসমূহের বিকাশে সরকারি সহায়তা আরও কার্যকরভাবে প্রদানের লক্ষ্যে ওয়ানস্টপ সেন্টারসমূহ কাজ করবে। গত ১৫ এপ্রিল রোববার বাংলা একাডেমি প্রাঙ্গণে বৈশাখী মেলা-১৪২৬ এর উদ্বোধন অনুষ্ঠানে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এসব কথা বলেন। শিল্পমন্ত্রী আরো বলেন, শিল্পখাতের সমস্যাসমূহ নিরসনে সরকার আন্তরিকভাবে কাজ করছে। আমলাতান্ত্রিক জটিলতা এড়িয়ে শিল্প উদ্যোক্তাদের সমস্যাসমূহ দ্রুত সমাধান করতে হবে। সূত্র : **সংবাদ** (পৃ.১৪,ক.৬), **যুগান্তর** (পৃ.১৩,ক.৫)।

**১৪। বাণিজ্যমন্ত্রীর সঙ্গে কানাডার রাষ্ট্রদূতের বৈঠক**
**বিনিয়োগ বাড়াতে ব্যবসায়ীদের এগিয়ে আসার আহ্বান**

কানাডা বাংলাদেশে বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধি করতে আগ্রহী জানিয়ে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, এজন্য দু'দেশের ব্যবসায়ীদের এগিয়ে আসতে হবে। ব্যবসা ও বিনিয়োগের ক্ষেত্রে কোনো সমস্যা থাকলে তা চিহ্নিত করে সরকারের কাছে সুপারিশ করতে হবে। সরকার সে বিষয়ে পদক্ষেপ নেবে। গতকাল (১৫ এপ্রিল সোমবার) সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত কানাডার রাষ্ট্রদূত বেনোয়েট প্রিফনটেইন এর সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের বাণিজ্যমন্ত্রী এসব কথা বলেন। বাণিজ্যমন্ত্রী বলেন, উভয় দেশের ব্যবসায়ীদের যোগাযোগ বৃদ্ধির জন্য একটি ফোরাম গঠন করা প্রয়োজন। এতে উভয় দেশের ব্যবসায়ীদের মধ্যে আলোচনার প্ল্যাটফর্ম তৈরি হবে। তিনি আরো বলেন, বাংলাদেশ ব্যাপক বিনিয়োগের সুযোগ সৃষ্টি করেছে। কানাডার ব্যবসায়ীরা বাংলাদেশে বিনিয়োগ করলে বেশি লাভবান হবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **সমকাল** (পৃ.১৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** বিজনেস পাতা (পৃ.৯,ক.১), **নিউ এজ** (পৃ.২,ক.১)।

**১৫। জাতীয় স্বাস্থ্যসেবা সপ্তাহ শুরু আজ**

জাতীয় স্বাস্থ্যসেবা সপ্তাহ আজ (১৬ এপ্রিল মঙ্গলবার) শুরু হচ্ছে। চলবে আগামী ২২ এপ্রিল সোমবার পর্যন্ত। আজ সকাল সাড়ে ১০টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কর্মসূচির উদ্বোধন করবেন। গতকাল (১৫ এপ্রিল সোমবার) সচিবালয়ে সংবাদসম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক এ তথ্য জানান। দেশে প্রথমবারের মতো জাতীয় স্বাস্থ্যসেবা সপ্তাহ পালন করা হচ্ছে উল্লেখ করে স্বাস্থ্যমন্ত্রী বলেন, জাতীয়ভাবে কোনো কর্মসূচি না থাকায় স্বাস্থ্যসেবা মানুষের দোরগোড়ায় পৌঁছানোসহ স্বাস্থ্যখাতের উন্নয়ন সম্পর্কে মানুষ জানতে পারছে না। তাই এসব বিষয় বিবেচনায় নিয়ে সপ্তাহব্যাপী স্বাস্থ্যসেবা সপ্তাহ উদ্‌যাপনের পরিকল্পনা নেওয়া হয়েছে। এবার সপ্তাহের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'স্বাস্থ্যসেবা অধিকার, শেখ হাসিনার অঙ্গীকার'। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.৫), **সংবাদ** (পৃ.২,ক.৭), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **নিউ এজ** (পৃ.২,ক.১)।

## সম্পাদকীয়

ক. **সমকাল :** বরিশাল বিভাগের ৬ জেলায় প্রান্তিক জেলেদের জন্য বরাদ্দ প্রণোদনার চাল চুরি করে বিক্রি করছেন কোনো কোনো ইউপি চেয়ারম্যান এক প্রতিবেদেনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ ধরনের অনিয়মের বিরুদ্ধে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **ইত্তেফাক :** নারায়ণগঞ্জের সোনারগাঁও উপজেলার মালিবাগ এলাকায় ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে দায়িত্বপালনকালে দ্রুতগামী একটি কাভার্ড ভ্যানের চাপায় কাঁচপুর হাইওয়ে থানার উপ-পরিদর্শক নিহত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এভাবে একের পর এক সড়ক দুর্ঘটনায় মৃত্যুর মিছিল থামাতে টেকসই সমাধান খুঁজে বের করার ওপর গুরুত্বারোপ।

গ. **ইনকিলাব :** পুরান ঢাকাসহ ঢাকার কয়েকটি এলাকার উন্নয়নে 'ঢাকা সিটি নেইবারহুড আপগ্রেডিং প্রজেক্ট' শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে উল্লেখ করে পুরান ঢাকার উন্নয়নে এটি একটি যুগান্তকারী পদক্ষেপ বলে মন্তব্য।

ঘ. **বণিক বার্তা :** বিশ্বব্যাংক প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী ২০১৮ সালে বাংলাদেশে রেমিট্যান্সপ্রবাহে প্রবৃদ্ধি হয়েছে ১৪ দশমিক ৮ শতাংশ উল্লেখ করে এ প্রবাহ আরও বাড়াতে যেসব প্রতিকূলতা বিদ্যামান তা দূর করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **যায়যায়দিন, যুগান্তর :** বাংলাদেশে ভুটানের প্রধানমন্ত্রী সফরের সময় দুই দেশের মধ্যে বিভিন্ন সহযোগিতা বাড়াতে পাঁচ সমঝোতা স্মারক স্বাক্ষর হওয়ায় স্বাগত জানিয়ে এতে দু'দেশের মধ্যে পারস্পরিক সম্পর্ক আরও সুদৃঢ় হবে বলে মতপ্রকাশ।

চ. **সংবাদ :** ইলেকট্রনিক পণ্যের ব্যবহার বাড়ার সাথে সাথে একইসঙ্গে বাড়ছে ই-বর্জ্যের পরিমাণ উল্লেখ করে ই-বর্জ্য ব্যবস্থাপনায় রি-সাইক্লিংয়ে পরিকল্পিত ও স্থায়ী উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের নদ-নদীগুলো সুরক্ষায় দৃষ্টি দেওয়ার আহ্বান।

জ. **নিউ নেশন :** যত্রতত্র গড়ে ওঠা প্রাইভেট ক্লিনিকগুলো নিয়ম-নীতির আওতায় আনার ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, গাড়ির ফিটনেস যথাযথভাবে পরীক্ষা করা এবং ড্রাইভারদের প্রশিক্ষণ ও পরীক্ষার মাধ্যমে লাইসেন্স দেওয়ার ব্যবস্থা থাকলে সড়ক দুর্ঘটনা বড় মাত্রায় কমিয়ে আনা যায়।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'ব্যাপক স্বাস্থ্যঝুঁকিতে বর্জ্যজীবী নারী ও শিশুরা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বর্জ্যজীবীদের স্বাস্থ্য সুরক্ষা ও জীবিকা নিরাপত্তা নিশ্চিত করার জন্য একটি আইনি কাঠামো প্রস্তুত করা দরকার।

#

ডালিয়া/সাঈদা/রীশদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা